



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

[www.lged.gov.bd/viewmap.aspx](http://www.lged.gov.bd/viewmap.aspx)

# মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারাদেশের উপজেলা ও জেলা ম্যাপ এলজিইডি ওয়েবসাইটে উন্মুক্তকরণ

১২ ই জুন ২০১১




Geographic Information System (GIS) মূলতঃ কম্পিউটারের সাহায্যে ম্যাপ প্রনয়ন ও পরিকল্পনা কাজ করার একটি অত্যাধুনিক প্রযুক্তি। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) স্থানীয় পর্যায়ে অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা কাজে নব্বই এর দশক থেকে জিআইএস প্রযুক্তি ব্যবহার করে আসছে। এই প্রযুক্তি ব্যবহার করে এলজিইডি দেশের সকল উপজেলা ও জেলা ম্যাপ প্রস্তুত কাজ সম্পন্ন করেছে।

প্রস্তুতকৃত এ সকল ম্যাপে প্রশাসনিক সীমানা, প্রশাসনিক সদর দপ্তর, সড়ক নেটওয়ার্ক, গ্রোথ সেন্টার ও হাটবাজার, শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য আর্থসামাজিক প্রতিষ্ঠানের ভৌগলিক অবস্থানের তথ্য সন্নিবেশিত আছে। উপজেলা ম্যাপ সমূহ বিভিন্ন টপোগ্রাফিক ম্যাপ, পুরাতন থানা ম্যাপ, কৃত্রিম উপগ্রহ থেকে তোলা চিত্র (Satellite Image), এরিয়াল ফটোগ্রাফ এবং GPS (Global Positioning System) প্রযুক্তির সাহায্যে প্রাথমিক পর্যায়ে প্রস্তুত করা হয়। পরবর্তী পর্যায়ে এলজিইডির প্রকৌশলী ও আইটি বিশেষজ্ঞগণ তিন বছরের বেশী সময় ধরে কঠোর শ্রমের বিনিময়ে দেশের সবকটি উপজেলার মানচিত্র Digitized করে।

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গিকারের সাথে সামঞ্জস্য রেখে উপজেলা ও জেলা ম্যাপ এলজিইডির ওয়েবসাইটে যুক্ত করা একটি উল্লেখযোগ্য মাইলফলক। এখন পর্যন্ত এ সমস্ত ম্যাপ নির্ধারিত ফিস এর বিনিময়ে এলজিইডি থেকে সংগ্রহ করতে হয়। বর্তমানে ম্যাপসমূহ ওয়েবসাইটে উন্মুক্তকরণের ফলে দেশের যে কোন স্থান থেকে যে কেউ যে কোন সময়ে তাঁর ইচ্ছিত ম্যাপ সমূহ ডাউনলোড করতে পারবেন।

বর্ণিত ম্যাপসমূহ এলজিইডি ছাড়াও দেশের বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, বেসরকারী সংস্থা গুরুত্বপূর্ণ নানা কাজে ব্যবহার করে আসছে। স্থানীয় পর্যায়ে অবকাঠামো, শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ এবং সামাজিক উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়নের সময় স্থানীয় জনসাধারণ ওয়েব সাইটে প্রদত্ত ম্যাপ সমূহ হতে সহজে ভৌগলিক তথ্য জানার সুযোগ লাভ করবেন। ফলে তথ্য ভিত্তিক সঠিক পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহও উপকৃত হবে। এলজিইডি'র এ উদ্যোগের ফলে বর্তমান সরকার কর্তৃক প্রণীত তথ্য অধিকার আইনের আলোকে ম্যাপ সংক্রান্ত তথ্য পাওয়ার বিষয়টি জনসাধারণের জন্য সহজতর হবে।



[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)